

**আকারটোয়া**  
 স্বাদে অনন্য আকবরিয়া  
 বাটার বিস্কুট  
 হেল্প লাইন: ০২৭৮৯ ৩৩২২৩৩, ০২৭৮৯ ৩৩২২৬৬

প্রকাশনার ৪৪ বছর **দৈনিক** জনগণের আপনজন  
**করতোয়া**  
 ঢাকা সংস্করণ **The Daily Karatoa** ১২ পৃষ্ঠা মূল্য ৫ টাকা

**minister**  
**LED TV**  
 এম:৩২  
 মাত্র **১৫,৯৯০**  
 ০৯৬০৬ ৭০০৭০০ \*এ অফারটি সীমিত সময়ের জন্য

www.ekaratoa.com \*রেজিঃ রাজ ১৩ \* ৪৪ তম বর্ষ \* সংখ্যা ৭৪ \* বণ্ডা সোমবার ১২ কার্তিক ১৪২৬ \* ২৮ সফর ১৪৪১ হিজরি \* ২৮ অক্টোবর ২০১৯ \* www.karatoa.com.bd

## আরডিএ বণ্ডায় বিসিএস ক্যাডার কর্মকর্তাদের ৭০তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স শুরু

জন প্রশাসন মন্ত্রণালয়, লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, সাভার ও পল্লী উন্নয়ন একাডেমি (আরডিএ) বণ্ডার যৌথ উদ্যোগে আরডিএ বণ্ডায় গতকাল রোববার থেকে ৬ মাস মেয়াদে বিসিএস ক্যাডার কর্মকর্তাদের ৭০তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স শুরু হয়েছে।

পল্লী উন্নয়ন একাডেমির আইটি ভবনে সকালে প্রশিক্ষণ কোর্সের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন প্রধানমন্ত্রীর কার্যালয়ের মুখ্য সমন্বয়ক (এসডিজি বিষয়ক) ও সাবেক মুখ্য সচিব মোঃ আবুল কালাম আজাদ। সভাপতিত্ব করেন আরডিএ বণ্ডার মহাপরিচালক আমিনুল ইসলাম। স্বাগত বক্তব্য রাখেন প্রশিক্ষণ (৭ পৃঃ ১ কঃ দ্রঃ)

## আরডিএ বণ্ডায় বিসিএস

(৭ পৃঃ ১ কঃ দ্রঃ)

কোর্সের কোর্স পরিচালক ও আরডিএ বণ্ডার পরিচালক (খামার প্রযুক্তি, সেচ ও পানি সম্পদ ব্যবস্থাপনা বিভাগ) ড. আব্দুর রশিদ। বিশেষ অতিথি ছিলেন লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র সাভারের এমডিএস ড. সানোয়ার জাহান ভূঁইয়া। আরও উপস্থিত ছিলেন জেলার জেলা প্রশাসক ফয়েজ আহাম্মদ, পুলিশ সুপার আলী আশরাফ ভূঞা বিপিএম-বার, আরডিএ বণ্ডার অতিরিক্ত মহাপরিচালক ড. এবিএম শরিফ উদ্দিন। প্রশিক্ষণ কোর্সে বিসিএস প্রশাসন, পুলিশ সার্ভিস, কৃষি, মৎস্য, প্রাণিসম্পদ, খাদ্য এবং গণপূর্ত ক্যাডারের সর্বমোট ৫৮ জন ক্যাডার কর্মকর্তা অংশগ্রহণ করেছেন। কোর্সটিতে সহযোগি কোর্স পরিচালক হিসেবে দায়িত্ব পালন করছেন আরডিএ বণ্ডার যুগ্ম পরিচালক ড. শফিকুর রশিদ এবং কোর্স সমন্বয়ক হিসেবে দায়িত্ব পালন করছেন সহকারি পরিচালক নূর মোহাম্মদ ও আব্দুল আলিম। খবর বিজ্ঞপ্তির।